

তারিখঃ ৩রা জুন ২০০২

প্রাপক,
মোঃ কামারুল আলম
প্রধান শিক্ষক
গাতিপাড়া মাধ্যমিক বিদ্যালয়।

প্রেরক,
মোঃ আলমগীর হোসেন
৭-১৪ লিডিয়াড স্ট্রিট
হথোর্ন, ভিক্টোরিয়া-৩১২২
অস্ট্রেলিয়া।

বিষয়ঃ “প্রতিভা উন্নয়ন প্রকল্প ২০০২-০৩”।

জনাব,
আপনার সদয় অনুমতি পেলে আমি নিজ উদ্যোগে প্রতিভা ক্রীড়াচক্র ও পাঠাগারের তত্ত্বাবোধানে “প্রতিভা উন্নয়ন প্রকল্প ২০০২-০৩” চালু করতে আগ্রহী। প্রকল্পের আওতায় আগামী বছর ষষ্ঠ শ্রেণীতে যেসব শিক্ষার্থী বিভিন্ন প্রাঃ বিদ্যালয় হতে প্রথম হয়ে আপনার বিদ্যালয়ে আসবে তাদের সবার পড়ালেখার যাবতীয় খরচ প্রদান করা হবে। যাবতীয় খরচ বলতে বিদ্যালয়ের মাসিক বেতন, পরীক্ষার ফিস্ ও সকল বই ক্রয়ের খরচ বোঝাচ্ছে। এছাড়া ৭ম ও ৮ম শ্রেণীতে উত্তীর্ণ ১ম, ২য়, ও ৩য় স্থান অধিকারী শিক্ষার্থীদের মধ্যে অপেক্ষাকৃত গরীব এমন ২ জন শিক্ষার্থীকে অনুরূপ খরচ প্রদান করা হবে। এ বছর পরীক্ষামূলক প্রকল্পটি সফল হলে আগামী বছরও তা বর্ধিত করা হবে। তাছাড়া প্রতিবছর **সেরা শিক্ষক** পুরস্কার হিসাবে নগদ ন্যূনতম ৭৫০ (সাতশ পঞ্চাশ) টাকা প্রদান করা হবে।

সুতরাং আগামী বছর শিক্ষার্থী সংগ্রহের সময় এই প্রচার ব্যঞ্জ্ঞীয় বলে আমি প্রধান শিক্ষকসহ সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি। বিষয়টি আগামী সাধারণ সভায় আলোচিত হবে বলে আশা করছি। উপরোক্ত বিষয়ে এই প্রতিষ্ঠানের সকল শূভাশীষের মতামত সাদরে গৃহিত হবে।

আমি এই প্রতিষ্ঠানের ক্রমাগত উন্নয়ন কল্পে উক্ত প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য আপনাদের আন্তরিক দোয়া ও সহযোগিতা কামনা করছি। যদি আপনাদের ইতিবাচক সাড়া পাই তবে আগামী নভেম্বর মাসে দেশে এসে প্রকল্পটি শুরু করতে চাইছি।

পরিশেষে আমার পক্ষ থেকে আপনার প্রতিষ্ঠান ও এর সকল শিক্ষার্থীর জন্য রইল শূভ কামনা।

বিনীত নিবেদক

মোঃ আলমগীর হোসেন
পি, এইচ, ডি স্টুডেন্ট
সূইনবার্ন ইউনিভার্সিটি অব টেকনোলজী
হথোর্ন, ভিক্টোরিয়া-৩১২২
অস্ট্রেলিয়া।

অনুলিপিঃ সভাপতি, গাতিপাড়া মাধ্যমিক বিদ্যালয়।
সভাপতি, প্রতিভা ক্রীড়াচক্র ও পাঠাগার।
সাঃ সম্পাদক, প্রতিভা ক্রীড়াচক্র ও পাঠাগার।